

## **রমাযানের ফাযায়েল ও রোযার মাসায়েল**

বিভাগ/অধ্যায়ঃ দ্বাদশ অধ্যায়- ঈদ ও তার বিভিন্ন আহকাম রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

ঈদের জন্য গোসল করা

ঈদের নামাযের জন্য গোসল করা মুস্তাহাব। ইবনে উমার (রাঃ) থেকে বিশুদ্ধ সূত্রে বর্ণিত যে, তিনি ঈদুল ফিতরের দিন ঈদগাহে যাওয়ার পূর্বে গোসল করতেন।[1]

সাঈদ বিন মুসাইয়াব থেকে সহীহ সূত্রে বর্ণিত আছে, তিনি বলেন, 'ঈদুল ফিতরের সুন্নত হল ৩টি; পায়ে হেঁটে ঈদগাহে যাওয়া, যাওয়ার আগে কিছু খাওয়া এবং গোসল করা।'[2] আর সম্ভবতঃ তিনি এ সুন্নত ৩টি কোন কোন সাহাবা থেকে গ্রহণ করেছেন।

ইমাম নওবী ঈদের নামাযের জন্য গোসল করা মুস্তাহাব হওয়ার ব্যাপারে উলামাগণ একমত আছেন বলে উল্লেখ করেছেন। তাছাড়া যে অর্থে জুমআহ ইত্যাদি সাধারণ সমাবেশের জন্য গোসল করা মুস্তাহাব, সেই অর্থ ঈদেও বর্তমান। বরং সেই অর্থ ঈদে অধিকতর স্পষ্ট।[3]

## ফুটনোট

- [1] (মালেক, মুওয়াতা ৪২৮নং)
- [2] (ইরওয়াউল গালীল, আলবানী ৩/১০৪)
- [3] (দুরুসু রামাযান অকাফাত লিস্-সায়েমীন ৯৭পৃঃ)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=4139

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন